



বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড  
(পেট্রোবাংলার একটি কোম্পানী)  
BAKHRABAD GAS DISTRIBUTION COMPANY LIMITED  
(A Company of Petrobangla)

বকেয়া গ্যাস বিল পরিশোধ ও অবৈধ গ্যাস সংযোগ বিচ্ছিন্নকরণ প্রসঙ্গে।

এতদ্বারা বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড এর আওতাধীন সকল শ্রেণীর সম্মানিত গ্রাহকগণকে জানানো যাচ্ছে যে, বকেয়া বিল আদায়ের লক্ষ্যে খেলাপী গ্রাহকগণের গ্যাস সংযোগ বিচ্ছিন্নকরণ কার্যক্রম চলছে। অনাকাঙ্ক্ষিত গ্যাস সংযোগ বিচ্ছিন্ন এড়ানোর লক্ষ্যে হালনাগাদ গ্যাস বিল পরিশোধের বই/পরিশোধিত বিলের কপি গ্যাস সংযোগকৃত আবাসিক গৃহে/প্রতিষ্ঠানে সংরক্ষণ এবং সংযোগ বিচ্ছিন্ন টীমকে তাৎক্ষণিকভাবে প্রদর্শনের জন্য সকল শ্রেণীর গ্রাহকগণকে বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে। এছাড়া অন্যের প্ররোচনা বা স্বেচ্ছায় অবৈধ গ্যাস সংযোগ গ্রহণ হতে বিরত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাচ্ছে। ‘গ্যাস আইন-২০১০’ মোতাবেক অবৈধ গ্যাস সংযোগ গ্রহণ বা ব্যবহার একটি দণ্ডনীয় অপরাধ। এতে অবৈধ গ্যাস সংযোগ গ্রহণকারী বা ব্যবহারকারী জেল অথবা জরিমানা কিংবা উভয়দণ্ডে দণ্ডিত হতে পারে।

সরকারী রাজস্ব আদায় ও সুষ্ঠু গ্যাস সরবরাহে সকলের সহযোগিতা একান্তভাবে কাম্য।

অনুরোধক্রমে

-বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড কর্তৃপক্ষ।

প্রকৌশলী মোঃ আব্দুর রাজ্জাক  
উপ-মহাব্যবস্থাপক (বিক্রয়), অর্গনাইজেশন  
বিভাগ ডিপার্টমেন্ট, বিগাস ডিস্ট্রিবিউশন  
বিজিডিসিএল, কুমিল্লা।